

**সরকারি মাধ্যমিক স্কুল
শিক্ষকরা দ্বিতীয় শ্রেণীর
মর্যাদা পেলেও বেতন
কমে গেছে**

গ্রাক্সি উদ্ভিন

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার পদমর্যাদা দেয়া হলেও তাদের বেতন ১৫০ টাকা কমে গেছে। এরপরও কুশি সার্বভাষ্যের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় সাড়ে আট হাজার শিক্ষক। সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব ও রাজধানীর সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইনজান আলী সংবাদকে বলেন, সরকারি মাধ্যমিক শিক্ষকরা আগে যা বেতন পেতেন তা থেকে ১৫০ টাকা কমে গেছে। বেতনের সঙ্গে চিফিন ভাতা হিসেবে শিক্ষকরা এ টাকা পেতেন। দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হওয়ার এখন তাদের বেতনের সঙ্গে চিফিন ভাতা বলে আর থাকবে না। এরপরও পদমর্যাদা পেয়ে দেশের হাজার হাজার সরকারি শিক্ষক কুশি। শিক্ষক সমিতির সভাপতি সামসুল হক সংবাদকে বলেন, পদমর্যাদাই শিক্ষকদের কাছে সখ্যনের। বেতন বড় কথা নয়। জানা গেছে, পদমর্যাদা বাড়ার দ্বিতীয় : পৃষ্ঠা : ২ : ২

দ্বিতীয় : শ্রেণীর

(১৬ পৃষ্ঠার পর)

সঙ্গে সঙ্গে শিক্ষক নিয়োগের প্রক্রিয়াও এখন বদলে যাবে। এতদিন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) সরাসরি এসব শিক্ষক নিয়োগ করত। এখন পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) মাধ্যমে এসব পদে নিয়োগ হবে। মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) জানায়, দেশে মোট ৩১৬টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং একটি সমমানের মাদ্রাসা আছে। এসব বিদ্যালয়ে শিক্ষকের নয় হাজার ৭৩২টি পদ আছে। কিন্তু বর্তমানে সাড়ে আট হাজার শিক্ষক কর্মরত আছেন। সরকারের নতুন সিদ্ধান্তে চলতি সত্তাহ থেকে তৃতীয় শ্রেণী থেকে দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদাভুক্ত হয়েছেন শিক্ষকরা। গত ১৫ মে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর মোহাম্মদপুর রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এক সমাবেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের পদ তৃতীয় শ্রেণী থেকে দ্বিতীয় শ্রেণীতে উন্নীত করার ঘোষণা দেন। প্রধানমন্ত্রীর ঘোষণার দিনই বিকেলে শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। জানা গেছে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের সালের ২ মে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক পিটিআই ইনস্ট্রাকটর, বানা শিক্ষা অফিসার, সার্বভাষ্যের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তার পদমর্যাদা ঘোষণা করেছিলেন। একই বছরের ১৫ আগস্ট বঙ্গবন্ধু নিহত হলে পরবর্তী সরকার শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা বিষয়টি স্থগিত রাখে। ৩৭ বছর পর বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষকদের পদমর্যাদা নিয়ে বঙ্গবন্ধুর সেই ঘোষণাকে বাস্তবায়ন করলেন। রাজধানীর গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলের প্রধান শিক্ষক আবু সাঈদ ডুয়া সংবাদকে বলেন, নতুন পদমর্যাদায় শিক্ষকরা আর্থিকভাবে লাভবান হবে না। সংবাদকে বলেন, নতুন পদমর্যাদায় শিক্ষকরা আর্থিকভাবে লাভবান হবে না। যদিও এটা পেয়ে তারা কুশি। তিনি জানান, বর্তমানে সরকারি শিক্ষকরা যদিও এটা পেয়ে তারা কুশি। তিনি জানান, বর্তমানে সরকারি শিক্ষকরা জাতীয় বেতন স্কেলের দশম মেডে (ফেস ৮০০০-১৬৫৪০ টাকা) বেতন পান। পদমর্যাদা বাড়লেও একই বেতন পাবেন। সহকারী প্রধান শিক্ষকরা পাবেন বেতন স্কেলের নবম (১১০০০-২০৩৭০ টাকা) গ্রেড। প্রধান শিক্ষকরা পান জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ (১৮৫০০-২৯৭০০ টাকা) গ্রেডে বেতন। সরকারি শিক্ষকরা জানান, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর শিক্ষকদের পদমর্যাদা দেয়ার ঘোষণা করা করে ২০০৯ সালের ২১ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি এক সুপারিশ করে। সুপারিশে বলা হয়, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের তাদের প্রথম টাইম স্কেল প্রাপ্তির দিন থেকে প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তার পদমর্যাদা দিতে হবে। প্রসঙ্গত চাকরির ৮ বছর পূর্ণ হলে একজন সহকারী শিক্ষক প্রথম টাইম স্কেল পান। শিক্ষকরা তৃতীয় শ্রেণীর পদমর্যাদায় থাকায় তাদের চাকরির ৮ বছর পূর্তিতে মন্ত্রণালয়ের পক্ষে প্রথম শ্রেণীতে পদমর্যাদা উন্নীত করার সুযোগ ছিল না। মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি সামসুল হক বলেন, এখন দ্বিতীয় শ্রেণীর মর্যাদা পাওয়ায় আমরা সংসদীয় কমিটির ওই সুপারিশ বাস্তবায়নের দাবি জানাব। জানা যায়, সরকারি মাধ্যমিক শিক্ষকদের চাকরির ৮ বছর পূর্তিতে তাদের প্রথম শ্রেণীতে উন্নীত করতে ২০০৮ সালে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় এ শিক্ষকদের নিয়োগবিধি সংশোধন করার সুপারিশ করা হয়। এতে শিক্ষা, অর্থ ও তৎকালীন সংস্থাপন (জনপ্রশাসন) মন্ত্রণালয়ের সুপারিশ ছিল। সুপারিশে বলা হয়, নিয়োগবিধি সংশোধন করে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের মাঝামাঝি 'সিনিয়র সহকারী শিক্ষক' নামে একটি নতুন পদ সৃজন করতে হবে। চাকরির ৮ বছর পূর্তিতে সব সহকারী শিক্ষক টাইম স্কেল পেয়ে 'সিনিয়র সহকারী শিক্ষক' হিসেবে প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা পাবেন। কিন্তু সে সময় এ প্রক্রিয়া আর এগোয়নি।